

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Web: [www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd)

স্মারক নং- ৩৭.০১.০০০০.০০২.৪৫.০০৮.২৩.২৩৫৬

তারিখঃ ১৯ জুলাই ২০২৩

বিষয়ঃ JSPS-UGC Joint Research Project for FY 2024 এর আবেদন আহ্বান প্রসঙ্গে।

জনাব

JSPS-UGC এর তত্ত্বাবধানে পরিচালিত Joint Research Project for FY 2024 এর আওতায় উল্লিখিত বিষয়ে আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-এর নিকট থেকে নির্ধারিত প্রোফরমায় (প্রোফরমা [www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd) ওয়েব সাইটের নোটিশ বোর্ড/ফরম অংশে পাওয়া যাবে) প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। তবে শর্ত থাকে যে, নির্ধারিত প্রোফরমা পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক চাহিত সংশ্লিষ্ট সকল তথ্য স্ক্যান্ড কপি (একটি Merged Pdf File-এ) ও সফটকপি (Word File) কমিশনের সচিব মহোদয় বরাবর আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে ইমেইলযোগে (iccugcbd@gmail.com) অবশ্যই প্রেরণ করতে হবে এবং উহার প্রাপ্তি নিশ্চয়তা কমিশনের সংশ্লিষ্ট শাখা থেকে ইমেইলের মাধ্যমে জানানো হবে (নির্ধারিত তারিখের পরে এ বিষয়ে কোন ইমেইল গ্রহণ করা হবে না)। বর্ণিত বিষয়ে কোন হার্ডকপি কমিশনে গ্রহণ করা হবে না।

২। নিম্নবর্ণিত বিষয়সমূহে গবেষণার জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে:

(ক) Humanities (খ) Social Sciences (গ) Natural Sciences

৩। প্রকল্প প্রস্তাব প্রদানকারী প্রার্থীর নিম্নোক্ত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে:

ক) প্রার্থীকে পিএইচডি ডিগ্রিধারী হতে হবে;

খ) বাংলাদেশের আবেদনকারীকে একজন জাপানিজ Principal Researcher/Host Scientist নির্বাচন করতে হবে;

যৌথভাবে গবেষণার বিষয়ে জাপানিজ Principal Researcher/Host Scientist এর সম্মতি পত্র অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং উক্ত পত্রে জাপানে ভ্রমণের মেয়াদের কথা উল্লেখ থাকতে হবে;

গ) প্রার্থীকে বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত কোন গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষক হতে হবে;

ঘ) গবেষণা কার্যে পর্যাপ্ত অভিজ্ঞতা এবং প্রকাশনা থাকতে হবে। প্রকাশনার তালিকা আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে;

ঙ) গবেষণার বিষয়বস্তু জাতীয় চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং সাথে সংযুক্ত ফরম অনুযায়ী আবেদন পেশ করতে হবে;

চ) নির্ধারিত প্রোফরমায় আবেদনপত্রের সাথে ইংরেজিতে পূর্ণাঙ্গ বায়োডাটা অবশ্যই সংযুক্ত করতে হবে (একাডেমিক পরীক্ষা সমূহে প্রাপ্ত ক্লাস/ডিভিশন সহ)। যে শিক্ষা প্রতিষ্ঠান/দেশ থেকে পিএইচডি করেছেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

ছ) প্রার্থীর বিগত ৫ বছরের বিদেশ ভ্রমণের পূর্ণাঙ্গ তথ্য আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

জ) জাপানে ভ্রমণের প্রস্তাব প্রক্রিয়াকরণের সুবিধার্থে জাপানে ভ্রমণের তারিখ ১লা জুন এর পূর্বে হওয়া সমীচীন হবে;

ঝ) উল্লেখ্য যে, আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে অবশ্যই একই তথ্য (কমিশন কর্তৃক সরবরাহকৃত প্রোফরমায় উল্লিখিত) জাপানিজ Principal Researcher/ Host Scientist -এর মাধ্যমে JSPS -এ সাবমিট করতে হবে। যথা সময়ে আবেদনপত্র সাবমিট না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না;

ঞ) JSPS-এ আবেদনপত্র সাবমিশনসহ বিস্তারিত তথ্য এই লিংকে (<https://www.jsps.go.jp/english/e-bilat/call.html>) পাওয়া যাবে;

ট) অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

৪. এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়টি বহুল প্রচারের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়, ইনস্টিটিউট এবং বিভাগসমূহের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

সুরাইয়া ফারহানা

উপ-পরিচালক

ইন্টারন্যাশনাল কোঅপারেশন এন্ড কোলাবোরেশন

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২২/৬৭৬

তারিখঃ ১০-০৮-২০২৩

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

- ১। ডিন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুসদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ....., শেকুবি, ঢাকা
- ৩। পরিচালক (আইসিটি সেল), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকুবি, ঢাকা
- ৫। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৬। পিএ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৭। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৮। পিএ টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৯। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা
- ১০। অফিস কপি

২০.০৮.২০২৩

(ফারহানা তানিয়া আফরোজ)  
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)  
শেকুবি, ঢাকা-১২০৭